



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম



মোবাইল: +৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd
EIIN-104200, NU Code-4346

তারিখ : ০৩/০৭/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

এই কলেজে অধ্যয়নরত একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখ 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরারীণ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২২' প্রদান করা জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করেছে। আগ্রহী শিক্ষার্থীদের (অনুর্ধ্ব ১৮ বছর) সংযুক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী www.shcikhrussel.gov.bd ওয়েবসাইটে গিয়ে আবেদন করার জন্য নির্দেশ দেয়া হলো।

Subali

(ড. সুব্রত বরণ বড়ুয়া)

আইডি নং-০০২৯৩১

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

গাছবাড়ীয়া সরকারি কলেজ

চন্দনাইশ, চট্টগ্রাম

সংযুক্তি:

১। 'শেখ রাসেল পদক ২০২২' এর জন্য আবেদন আহ্বান এর বিজ্ঞপ্তি।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ 'শেখ রাসেল পদক ২০২২' এর জন্য আবেদন আহ্বান।

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২২ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২২' প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

পর্যায়	সময়সীমা
আবেদন আহ্বান	০৯ জুন
আবেদন দাখিল	১০ জুন - ০৯ জুলাই
যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ	১২ জুলাই - ২০ জুলাই
মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ	২১ জুলাই - ২০ সেপ্টেম্বর
কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ	২১ সেপ্টেম্বর - ০৫ অক্টোবর
ঘোষণা	১৮ অক্টোবর

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০১৯, ২০২০ ও ২০২১ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকান্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২২' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোন ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, পুরস্কারপ্রাপ্ত ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান ঐ একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' (খসড়া) অনুসরণ করতে হবে। উক্ত নীতিমালাটি www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;
৭. বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

RM

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী ০৮/০৬/২০২২

মহাপরিচালক (দায়িত্বে)

ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২

ই-মেইল: dg@doict.gov.bd